আপনার এমপ্লয়মেন্ট স্ট্যাণ্ডার্ড অধিকার
অস্থায়ী হেল্প এজেন্সী-নিয়োগকৃত কর্মচারী

তথ্যবিষয়ক পাতা

অস্থায়ী হেল্প এজেন্সী দ্বারা নিয়োগকৃত কর্মচারী

আপনি হচ্ছেন এক অস্থায়ী হেল্প এজেন্সী দ্বারা স্বত্ব-নিয়োগকৃত একজন কর্মচারী এবং এজেন্সী প্রতিশ্রুতিবদ্ধ হয়েছে আপনাকে তাদের ক্লায়েন্ট (বা ক্লায়েন্টসমূহ)-এর অধীনে অস্থায়ী ভিত্তিতে চাকরি দেবে বা চাকরি দেয়ার চেষ্টা করবে। এই এজেন্সীর সাথে আপনার একটি এমপ্লয়মেন্ট সম্পর্ক স্থাপন হয়েছে যদিও এখনো আপনি চাকরিতে নিয়োজিত হননি এবং প্রকৃতপক্ষে কোনো ক্লায়েন্টের সাথে কর্মরত নন।

আপনি যখন স্বত্ব-নিয়োগকৃত অবস্থায় রয়েছেন তখনও ঐ এজেন্সীই হচ্ছে আপনার মনিব , তাদের ক্লায়েন্ট আপনার মনিব নন।

আপনি যদি এজেন্সীর সাথে বন্ধন ছিন্ন করেন কিম্বা এজেন্সী যদি আপনাকে চাকরি থেকে ছাড়িয়ে দেয় তাহলে আপনি আর স্বত্ব-নিয়োগকৃত কর্মচারী নন।

নতুন এমপ্লয়মেন্ট স্ট্যাণ্ডার্ডস্ অ্যাক্ট ২০০০ (ESA) যেটি ২০০৯ সালে আইনে পরিণত হয়েছে সেটির মধ্যে যেসব অধিকারসমূহ আপনাকে দেয়া হয়েছে তার একটি সংক্ষিপ্তসার আছে তথ্যবিষয়ক এই কাগজটিতে। এই ESA-র আওতায় আপনার আরো অনেক অধিকার আছে যেমন ন্যূনতম বেতন, কর্ম-সময়ের সীমা, ওভারটাইম মজুরি, ছুটি, এবং কোনো বিশেষ কারণে বেতনহীন ছুটি। (কি ধরনের কাজ আপনি করেন তার উপর নির্ভর করে কিছু অব্যাহতি আছে।)

সাধারণ ছুটির দিন এবং সাধারণ ছুটির দিনের বেতন পাওয়ার অধিকার

অণ্টারিওতে নয়টি সাধারণ ছুটির দিন আছে। সাধারণত, আপনি যদি কোনো কাজে নিয়োগকৃত হন এবং কোনো সাধারণ ছুটি যদি কোনো একদিন পড়ে যেদিন সাধারণত আপনাকে কাজ করতে হয়, সেক্ষেত্রে কাজ থেকে সাধারণ ছুটি পাওয়ার অধিকার ও সাধারণ ঐ ছুটির দিনের বেতন পাওয়ার অধিকার আপনার আছে। আমাদের ওয়েবসাইট **http://www.labour.gov.on.ca/english/es/tools/php_calc.php** খুলে আপনার ছুটির দিনের প্রাপ্য বেতন হিসাব করতে সেখানকার ক্যালকুলেটার দেখুন।

কোনো ছুটির দিনে কাজ করতে যদি লিখিতভাবে রাজী হয়ে থাকেন, তাহলে আপনার এই অধিকারগুলি আছে ঃ

- সাধারণ ছুটির দিনের বেতন এবং অতিরিক্ত বেতন কমপক্ষে আপনার নিয়মিত বেতনের দেড়গুণ বেশি ; অথবা
- আপনার নিয়মিত বেতন এবং সাধারণ ছুটির দিনের বেতন সহ অন্য আর একটি দিন ছুটি।

কোনো সাধারণ ছুটি যদি পড়ে এমন একদিনে যেদিন আপনি কাজে নিয়োগকৃত কিন্তু সাধারণত সেদিন কাজ করবেন না (কিংবা ছুটিতে আছেন), আপনার অধিকার আছে সেই দিনের বদলে আর একটি দিন ছুটি পেতে সাধারণ ছুটির বেতন সহ, অথবা আপনি রাজি হতে পারেন (লিখিতভাবে) সাধারণ ছুটির দিনের শুধু বেতন নিতে। কোনো পাবলিক ছুটি যদি পড়ে ঐদিন যেদিন আপনার নিয়োগকৃত কাজের দিন নয়, তাহলে আপনি পাবলিক ছুটির দিনের বেতন পাওয়ার অধিকারী হতে পারেন।

এজেন্সী দ্বারা যদি আপনাকে "কাজের-জন্য-মনোনীত" কর্মচারী হিসেবে অভিহিত করে তবুও আপনার এই পাবলিক ছুটিগুলি পাওয়ার অধিকার আছে।

চাকরিচ্যুত করণ ও চুক্তির মেয়াদোত্তীর্ণ প্রদত্ত অর্থপ্রদান

আপনি যদি কোনো অস্থায়ী হেল্প এজেন্সী দ্বার নিয়োগকৃত হয়ে থাকেন অন্ততপক্ষে তিনমাস যাবৎ, সেক্ষেত্রে সাধারণত চাকরিচ্যুতির নোটিস পাওয়ার অধিকার আপনার আছে যদি এজেন্সী আপনার চাকরির চুক্তি শেষ (চাকরিচ্যুত) করে। চাকরি করার সময় হয়তো আপনি নোটিস পেতে পারেন, কিংবা ওয়ার্কিং নোটিসের পরিবর্তে বেতন পেতে পারেন, কিংবা দুটোই পেতে পারেন। সাধারণত আবশ্যিক ন্যূনতম নোটিসের সময় হতে পারে এক সপ্তাহ থেকে (আপনি যদি অন্ততপক্ষে তিনমাস কিন্তু একবছরের কম কার্যরত থাকেন) আট সপ্তাহ পর্যন্ত (আপনি যদি আট বছর বা তারও বেশি কার্যরত থাকেন)। কতদিনের নোটিস আপনি পাবেন সেটি নির্ভর করবে কতদিন পর্যন্ত আপনি এজেন্সীর অধীনে কর্মরত আছেন—কতদিন আপনি এজেন্সীর ক্লায়েন্টের সাথে নিয়োগকৃত হয়ে কাজ করছেন তার উপর ভিত্তি ক'রে নয়।

দলবদ্ধভাবে কর্মচ্যুতির নোটিস পাওয়ারও অধিকার আপনার থাকতে পারে। দলবদ্ধভাবে কর্মচ্যুতির নোটিস সম্বন্ধে বিস্তারিত জানতে হলে আমাদের ওয়েবসাইট **http://www.labour.gov.on.ca/english/es/pubs/guide/tempagencies.php** খুলে দেখুন।

আপনি যদি কোনো এজেন্সীর অধীনে পাঁচ কিম্বা তারো বেশি বৎসর কর্মরত থাকেন, তাহলে আপনার সেভারেন্স পে পাওয়ারও সম্ভাবনা আছে যদি আপনার চাকরি শেষ (ছাটাই) ক'রে দেয়া হয়।

এজেন্সী দ্বারা আপনাকে যদি "কাজের-জন্য-মনোনীত" কর্মচারী হিসেবে অভিহিত করা হয় তবুও এইসকল অধিকার আপনার বলবৎ থাকবে।

একটি এজেন্সী আপনার কাছ থেকে কোনো কোনো ফী আদায় করতে পারে না

একটি এজেন্সী আপনার কাছ থেকে কোনো ফী আদায় করতে পারে না তাদের কর্মচারী হিসেবে অথবা আপনার জন্য চাকরি খুঁজে দেয়ার জন্য। আপনাকে কোনো তথ্য প্রদান ক'রে কিংবা কিভাবে রেজ্যুমে লিখতে হয় সে-ব্যাপারে সাহায্য করে, বা ইন্টারভিউয়ের জন্য তৈরি ক'রে দিয়ে কোনো ফী আপনার কাছ থেকে আদায় করতে পারবে না। আপনি যদি সিদ্ধান্ত নেন এজেন্সীর কাছ থেকে কোনো তথ্য বা উপদেশ নেবেন না, তাহলেও তারা আপনার কাছ থেকে কোনো ফী আদায় করতে পারবে না।

কোনো এজেন্সীর ক্লায়েন্ট যদি আপনাকে চাকরির শংসাপত্র দিতে চায়

আপনাকে চাকরির শংসাপত্র যদি কোনো ক্লায়েন্ট দিতে চায়, এজেন্সী তা ব্যাহত করতে পারে না।

কোনো এজেন্সীর এক ক্লায়েন্ট যদি তাদের কর্মচারী হিসেবে আপনাকে নিযুক্ত করতে চায়

এজেন্সীর কোনো ক্লায়েন্ট যদি আপনাকে সরাসরি চাকরিতে নিযুক্ত করতে চায়, এজেন্সী তাতে বন্ধক সৃষ্টি করতে পারে না। যদি এজেন্সী তাদের কোনো ক্লায়েন্টের সাথে আপনাকে নিয়োগ করতে চায়, তারা ক্লায়েন্টের কাছ থেকে ফী আদায় করতে পারে আপনাকে নিয়োগ করার জন্য, তবে ক্লায়েন্টের জন্য কাজ শুরু করার প্রথমদিন থেকে একমাত্র ছয়মাস সময়ের মধ্যে।

এজেন্সীর কোনো ক্লায়েন্ট যদি আপনাকে তাদের কর্মচারী হিসেবে নিয়োগ করতে চায়, এজেন্সী আপনাকে বলতে পারে না যে আপনি সেই চাকরি নিতে পারবেন না। কোনো ক্লায়েন্ট যদি আপনাকে নিয়োগ করতে চায় তাহলে এজেন্সী আপনার কাছ থেকে ফী আদায় করতে পারবে না।

এজেন্সীর কাছ থেকে যে-সকল তথ্য অবশ্যই আপনার প্রাপ্য

আপনি যদি একটি এজেন্সী স্বত্ব-নিয়োগকৃত কর্মচারী হন, তাহলে এজেন্সী অবশ্যই কিছু তথ্য আপনাকে দিতে বাধ্য, যেমন তথ্যবিষয়ক এই কাগজ ; লিখিতভাবে এজেন্সীর বৈধ নাম এবং যোগাযোগের ঠিকানা। আপনি একজন স্বত্ব-নিয়োগকৃত কর্মচারী হওয়ার পর যত শীঘ্র সম্ভব এজেন্সী লিখিতভাবে আপনাকে এই তথ্য দিতে বাধ্য থাকবে।

এজেন্সী যখন তাদের কোনো ক্লায়েন্টের কাছে স্বত্ব-নিয়োগকৃত কর্মচারী হিসেবে আপনাকে নিযুক্ত করতে চায়, তারা অবশ্যই নির্দিষ্ট কিছু তথ্য আপনাকে দেবে, যেমন ক্লায়েন্টের বৈধ নাম ও যোগাযোগের তথ্য ; বেতনের হার এবং বেনিফিট্স্ (যদি প্রযোজ্য হয়) ; কত ঘণ্টা কাজ করতে হবে ; কাজ সম্বন্ধে একটি সাধারণ ধারণা ; কতদিনের জন্য নিয়োগ (যদি জানা থাকে) ; এবং কতদিনের ব্যবধানে বেতন দেয়া হবে ও কোন্ দিনে। এজেন্সী আপনাকে যদি এই তথ্যসমূহ জানায়, কিন্তু আপনাকে চাকরি দেয়ার সময় এগুলি আপনাকে লিখিতভাবে না দেয়, যথাসম্ভব শীঘ্র অবশ্যই এগুলি লিখিতভাবে তারা আপনাকে দিতে বাধ্য থাকবে।

আপনার ESAঅধিকারসমূহ জানতে বা দাবি করতে চাইলে এজেন্সীর কোনো ক্লায়েন্ট আপনাকে শাস্তি দিতে পারে না

আপনি যদি আপনার চাকরির মানদণ্ডের অধিকার সম্বন্ধে জানতে চান অথবা সেই অধিকারগুলি দেয়ার জন্য দাবি জানান, ক্লায়েন্ট কোনোভাবেই সেজন্য আপনাকে শাস্তি দিতে পারবে না, এবং আপনার নিয়োগের নির্দিষ্ট কালের পূর্বে আপনাকে কর্মচ্যুতও করতে পারবে না। (আপনার ESAঅধিকারসমূহ জানতে চাইলে বা দাবি করার কারণে এজেন্সীর কোনো এক্তিয়ার থাকবে না আপনাকে শাস্তি দিতে।)

আপনার যদি কোনো প্রশ্ন থাকে বা যদি কোনো খেসারত দাবি করতে চান

এই তথ্যাদি সম্বন্ধে আপনার যদি কোনো প্রশ্ন থাকে, কিংবা যদি মনে করেন আপনার অধিকার লঙ্ঘন করা হয়েছে এবং সে-কারণে মিনিস্ট্রী অব্ লেবারের মাধ্যমে খেসারত দাবি করতে চান, তাহলে এমপ্লয়মেন্ট স্ট্যাণ্ডার্ডস্ ইনফর্মেশন সেন্টারের সাথে যোগাযোগ করুন ঃ (৪১৬) ৩২৬-৭১৬০ টেলিফোনে, (টোলফ্রী ঃ ১-৮০০-৫৩১-৫৫৫১), কিংবা TTY ১-৮৬৬-৫৬৭-৮৮৯৩ নাম্বারে। এছাড়াও আপনি www.labour.gov.on.ca ওয়েবসাইট খুলে আরো তথ্য দেখতে পারেন, ই-মেলের মাধ্যমে মিনিস্ট্রীর সাথে যোগাযোগ করতে পারেন, অথবা অন্-লাইন ক্লেম সাবমিট করতে পারেন। এছাড়াও কোনো ServiceOntario Centre থেকে এমপ্লয়মেন্ট স্ট্যাণ্ডার্ড ক্লেম ফর্ম জোগাড় করতে পারেন। আপনার নিকটবর্তী সেন্টারের ঠিকানার জন্য ১-৮০০-২৬৭-৮০৯৭ নাম্বারে টেলিফোন করুন।

জনসাধারণের প্রতি কর্তব্য হিসেবে এই তথ্যগুলি প্রদান করা হচ্ছে। যদিও আমরা চেষ্টা ক'রে থাকি এই তথ্যগুলি যতদূর সম্ভব হালনাগাদকৃত ও সঠিক ক'রে রাখতে, কখনো কখনো ভুল ঘটতে পারে। অতএব এই তথ্যাদির ভ্রমশূন্যতা সম্বন্ধে আমরা গ্যারান্টি দিতে পারি না। যতদূর সম্ভব পাঠকগণ এই তথ্যসমূহের যাথার্থ্য নিশ্চিত ক'রে নেবেন এটি ব্যবহার করার পূর্বে।

©Queen's Printer for Ontario, 2009
Printed in Canada

ISBN 978-1-4435-0969-5 (PDF)